

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নিবন্ধন পরিদপ্তর
১৪ নং আব্দুল গণি রোড
ঢাকা-১০০০।

স্মারক নংঃ- ৭৮১৭

তারিখঃ ১৪-০৬-২০০৭ খ্রিঃ

প্রেরকঃ মহা-পরিদর্শক, নিবন্ধন,
বাংলাদেশ।

প্রাপকঃ জেলা রেজিস্ট্রার, গাজীপুর।

বিষয়: বন্টননামা দলিলের স্ট্যাম্প শুল্ক, রেজিঃফিস এবং কর নির্ধারণ পদ্ধতির স্পষ্টীকরণ প্রসঙ্গে।

সূত্র: তাহার স্মারক নং ১২৬১, তারিখ: ২৩-০৫-২০০৭ ইং

উপরোক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে বন্টননামা দলিলের ক্ষেত্রে স্ট্যাম্প শুল্ক, রেজিঃ ফিস এবং উৎসে আয়কর নির্ধারণের পদ্ধতি তাহার জ্ঞাতার্থে নিম্নে বর্ণিত হইল:-

১। স্ট্যাম্প শুল্ক: ১৮৯৯ সনের স্ট্যাম্প আইনের ১ নং সিডিউলে বর্ণিত ৪৫ নং আর্টিকেল অনুসারে সম্পত্তি বাটোয়ারার ক্ষেত্রে বৃহত্তম শেয়ার ব্যতীত অন্যান্য শেয়ারের মূল্যের সমষ্টির উপর ১৫ নং বন্ডের ন্যায় প্রদেয় স্ট্যাম্প শুল্ক।

২। রেজিস্ট্রেশন ফিসঃ রেজিস্ট্রেশন সারগ্রন্থের ৩য় খণ্ডের 'টেবিল অব ফিস' অংশে এ (iii) দফা অনুসারে অর্থাৎ বন্টননামা দলিলে বৃহত্তর অংশ বাদ দিয়ে অপর অংশ বা অংশগুলির মূল্যের সমষ্টিকে পণমূল্য ধার্যক্রমে রেজিস্ট্রেশন ফিস আদায় করিতে হইবে।

৩। উৎসে আয়কর: অর্থ বিল, ১৯৯১ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৫৩ এইচ ধারার বিধান অনুসারে অর্থাৎ বন্টননামা দলিলে যেহেতু প্রদেয় স্ট্যাম্প শুল্ক নির্ণয়ের ক্ষেত্রে বৃহত্তম অংশ বাদ দিয়া আপরাপর অংশের সমষ্টির উপর ভিত্তি করিয়া পণমূল্য ধার্য করিতে হয়, সেহেতু অনুরূপভাবে প্রযোজ্য ক্ষেত্রে উৎসে কর আদায় করিতে হইবে।

স্বা/-১৪.০৬.০৭

(মোঃ মাসদার হোসেন)

মহা-পরিদর্শক, নিবন্ধন

বাংলাদেশ।

তারিখঃ ১৪/৬/০৭ইং

স্মারক নং- ৭৮১৭/১ (৬০)

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণার্থে প্রেরণ করা হইল:-

১। জেলা রেজিস্ট্রার, (সকল)। বিষয়টি তাহার অধীনস্থ সাব-রেজিস্ট্রারগণকে অবহিত করাইবার জন্য নির্দেশ দেওয়া হইল।

স্বা/-১৪.০৬.০৭

(মুন্সী নজরুল ইসলাম)

সহকারী মহা-পরিদর্শক, নিবন্ধন

বাংলাদেশ